## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২৪০/২০১৮-২০১৯

ঢাকা, ১৭ জুন সোমবার ২০১৯, ৩ আষাঢ় ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। উজবেকিস্তানে রাষ্ট্রপতিকে উষ্ণ অভ্যর্থনা

২। সেনাবাহিনীকে সব সময় জনগণের পাশে দাঁড়াতে হবে : সেনাসদর নির্বাচনি পর্ষদের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের আর্থসামাজিক সব সূচক এখন সুদৃঢ় : চীনের প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে স্পিকার

৪। শীঘ্রই নবম ওয়েজ বোর্ডের রোয়েদাদ ঘোষণা : সেতুমন্ত্রী

৫। খাদ্যে উদ্বৃত্ত দেশ, দরকার নিরাপদ ও পুষ্টিমান সম্পন্ন খাবার : কৃষিমন্ত্রী

৬। কারাগারগুলোকে আধুনিক সংশোধনাগারে পরিণত করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। প্রস্তাবিত বাজেট শিল্প ও ব্যবসাবান্ধব : তথ্যমন্ত্রী

৮। নারী নির্যাতন জাতীয় উন্নয়নের পথে বড় বাধা : আইনমন্ত্রী

৯। ঢাকায় বস্তির সংখ্যা ৩ হাজার ৩৯৪ : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী

১০। স্থানীয় সরকার মন্ত্রীর সঙ্গে ডেনমার্ক ও সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ ঢাকা সিটিতে ৩৬ মিনিফায়ার সার্ভিস স্টেশন স্থাপনে আগ্রহী ডেনমার্ক

১১। চামড়াশিল্পে ব্রিটিশ বাঙালিদের বিনিয়োগের পরামর্শ শিল্পমন্ত্রীর

১২। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে ব্রিটিশ ব্যবসায়ী প্রতিনিধিদলের সাক্ষাৎ : বাংলাদেশে ব্রিটিশ ব্যবসায়ীদের বিনিয়োগের আগ্রহ

১৩। পাঁচ বছরে ১ কোটি ২৮ লাখ তরুণ-তরুণীর কর্মসংস্থান সৃষ্টির পরিকল্পনা : শিক্ষামন্ত্রী

১৪। হাওর ও চর উন্নয়নে জনকল্যাণমূলক যে কোনো প্রকল্প পাস করা হবে : পরিকল্পনামন্ত্রী

১৫। মেডিকেল কলেজসমূহে অ্যালোপ্যাথিকের পাশাপাশি আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষাব্যবস্থা চালু করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

১৬। প্রত্নতত্ত্ব অধিদফতর রাষ্ট্রের ঐতিহ্যের ধারক ও বাহক : সংস্কৃতি প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **উজবেকিস্তানে রাষ্ট্রপতিকে উষ্ণ অভ্যর্থনা**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (১৬ জুন রোববার) উজবেকিস্তানের রাজধানী বুখারায় পৌছেছেন। তাজিকিস্তান থেকে উজবেকিস্তানের বুখারা আন্তর্জাতিক বিমানবন্দরে পৌছলে রাষ্ট্রপতিকে সেখানে লালগালিচা সংবর্ধনা জানানো হয়। উজবেক এয়ারফোর্সের একটি ভিভিআইপি বিশেষ বিমান রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে স্থানীয় সময় রোববার ১টা ২৫ মিনিটে বুখারা বিমানবন্দরে পৌছায়। রাষ্ট্রপতি মধ্য এশিয়ার দুই দেশ তাজিকিস্তান ও উজবেকিস্তানে সাত দিনের সরকারি সফরে রয়েছেন। তাজিকিস্তানে তিনি পঞ্চম কনফারেন্স অন ইন্টারন্যাশনাল এন্ড কনফিডেন্স মেজার ইন এশিয়াতে (সিআইসিএ) যোগদান শেষে উজবেকিস্তান সফরে যান। বিমানবন্দরে রাষ্ট্রপতিকে উচ্চ পর্যায়ের কর্মকর্তারা অভ্যর্থনা জানান। রাষ্ট্রপতি বুখারায় রাষ্ট্রীয় কর্মসূচিতে যোগদান করবেন। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৮)।

২। **সেনাবাহিনীকে সব সময় জনগণের পাশে দাঁড়াতে হবে**
**সেনাসদর নির্বাচনি পর্ষদের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সেনাবাহিনীকে সবসময় জনগণের পাশে দাঁড়াতে হবে। এজন্য এর নেতৃত্ব যোগ্য, দক্ষ, কর্মক্ষম এবং দেশপ্রেমিক অফিসারদের হাতে ন্যস্ত করতে হবে। গতকাল (১৬ জুন রোববার) ঢাকা সেনাবাহিনী সদরদপ্তরের সেনাসদর কনফারেন্স হলে 'সেনাসদর নির্বাচনি পর্ষদ-২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন নির্বাচনি পর্ষদ পদোন্নতির জন্য এমন সেনা কর্মকর্তাদের সুপারিশ করবে যাদের দেশপ্রেম, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস, নেতৃত্বের যোগ্যতা, পেশাগত দক্ষতা, শৃঙ্খলা, সততা, বিশ্বস্ততা এবং আনুগত্য রয়েছে। তিনি আরো বলেন, জাতির পিতা উন্নত ও পেশাদার সেনাবাহিনীর প্রয়োজনীয়তা উপলব্ধি করে ১৯৭৪ সালেই প্রতিরক্ষা নীতি প্রণয়ন করেন। সে আলোকেই বর্তমান সরকার একটি শক্তিশালী সশস্ত্র বাহিনী গড়ে তোলার জন্য আর্মড ফোর্সেস গোল ২০৩০ প্রণয়ন করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

৩। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের আর্থসামাজিক সব সূচক এখন সুদৃঢ় :**
**চীনের প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক ও সামাজিক সবসূচকে বাংলাদেশের অবস্থান এখন সুদৃঢ়। গতকাল (১৬ জুন রোববার) জাতীয় সংসদ ভবনে ১৩তম ন্যাশনাল পিপলস কংগ্রেস অভ্ চায়না'র (এনপিসি) স্ট্যান্ডিং কমিটির ভাইস চেয়ারম্যান ও চাইনিজ অ্যাসোসিয়েশন ফর ইন্টারন্যাশনাল আন্ডারস্ট্যান্ডিং এর প্রেসিডেন্ট জি বিংজুয়ানের নেতৃত্বে ১৬ সদস্য এক প্রতিনিধিদল স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে স্পিকার এসব কথা বলেন। স্পিকার বলেন, বিগত কয়েক বছর ধারাবাহিক ৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি অর্থনৈতিকভাবে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। প্রবৃদ্ধি বর্তমানে ৮ শতাংশ। সরকার তৃর্ণমূল পর্যায়ে উন্নয়ন সেবা পৌঁছে দিচ্ছে। তিনি আরো বলেন, বাংলাদেশের অন্যতম উন্নয়ন অংশীদার চীন। তিনি বাংলাদেশের অবকাঠামোগত উন্নয়নে বিশেষকরে ১শ'টি বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল, বিদ্যুৎ যোগাযোগ, হাইটেক পার্ক ও তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে চীনকে বিনিয়োগের আহ্বান জানান। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৪। **শীঘ্রই নবম ওয়েজ বোর্ডের রোয়েদাদ ঘোষণা : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নবম ওয়েজ বোর্ডের বিষয়টি আমরা আর ঝুলিয়ে রাখতে চাই না। প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করে শীঘ্রই নতুন ওয়েজ বোর্ডের রোয়েদাদ ঘোষণা করা হবে। আমরা প্রায় চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গেছি। গতকাল (১৬ জুন রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে নবম ওয়েজ বোর্ড বাস্তবায়নে গঠিত মন্ত্রিসভা কমিটির সঙ্গে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৫ ।	খাদ্যে উদ্বৃত্ত দেশ, দরকার নিরাপদ ও পুষ্টিমান সম্পন্ন খাবার : কৃষিমন্ত্রী**

বিশ্বের অর্থনীতিবিদদের অনুমান মিথ্যা প্রমাণ করে শুধু স্বয়ংসম্পূর্ণই নয়, খাদ্যে উদ্বৃত্ত হয়েছে দেশ। এখন দরকার জনগণের জন্য নিরাপদ ও পুষ্টিমানের খাবার। এ নিরাপদ ও পুষ্টিমানের খাবার নিশ্চিতে ফল বড় ভূমিকা রাখবে বলে মন্তব্য করেছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। গতকাল (১৬ জুন রোববার) ফলদবৃক্ষ রোপণ পক্ষ ও জাতীয় ফল প্রদর্শনী ২০১৯ উপলক্ষে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ অডিটোরিয়ামে 'পরিকল্পিত ফল চাষ জোগাবে পুষ্টিসম্মত খাবার' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কৃষিমন্ত্রী আরো বলেন, কৃষির জন্য ৯ হাজার কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। দরকার হলে আরও টাকা দেয়া হবে এবং কমানো হবে সারের দাম। কৃষি উন্নয়নে যা যা করণীয়, সবই করা হবে। এছাড়া আমরা কৃষিপণ্য রপ্তানিতে শতকরা ২০ ভাগ ভুর্তকি দিচ্ছি। সূত্র **: সংবাদ (**শেষ পৃ,ক.৭)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.১)**, ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৬ ।	কারাগারগুলোকে আধুনিক সংশোধনাগারে পরিণত করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশের কারাগারগুলোকে এখন আধুনিক সংশোধনাগারে পরিণত করা হয়েছে। তাই কারাগারে প্রায় ৩৮টি কাজের ওপর বন্দিদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যে যে কাজ পারে তাকে সে কাজের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কারাগার থেকে মুক্তি পেয়ে তারা যাতে বাস্তব জীবনে কিছু করতে পারে এবং স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে সেজন্য এ প্রশিক্ষণ। গতকাল (১৬ জুন রোববার) ঢাকার কেরানীগঞ্জ কেন্দ্রীয় কারাগারে বন্দিদের সকালের নাস্তার মেন্যু পরিবর্তন উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১৯,ক.১)**, জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)**, ডেইলি সান** (পৃ.১,ক.৪)**, নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৭।	প্রস্তাবিত বাজেট শিল্প ও ব্যবসাবান্ধব : তথ্যমন্ত্রী**

রাজনৈতিক সমালোচনায় ভব্যতা-ভদ্রতা বজায় রাখতে বিরোধীদলগুলোর রাজনীতিকদের প্রতি অনুরোধ জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (১৬ জুন রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ অনুরোধ জানান। মন্ত্রী বলেন, অর্থবহ সমালোচনা করে যুক্তিতর্কের মাধ্যমে দেশকে এগিয়ে নিতে হবে। গত ১০ বছর ধরে শেখ হাসিনার সরকারের বাজেট বাস্তবায়নের হার ৯৫ শতাংশ। উন্নয়ন বাজেট বাস্তবায়নের হারও ৯০ থেকে ৯৫ শতাংশ, যা বাজেট বাস্তবায়নে সরকারের সক্ষমতার পরিচায়ক। মন্ত্রী আরো বলেন, প্রস্তাবিত বাজেট একটি চমৎকার বাজেট। এটি শিল্প ও ব্যবসাবান্ধব বাজেট, যাতে কর্মসংস্থান ও করদাতার সংখ্যা বাড়বে। সূত্র **: সমকাল** (পৃ.৩,ক.৫)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.১)**, অবজারভার** (পৃ.৮,ক.৬)**, নিউজ টুডে (** পৃ.১,ক.১)।

**৮।	নারী নির্যাতন জাতীয় উন্নয়নের পথে বড় বাধা : আইনমন্ত্রী**

নারী নির্যাতন জাতীয় উন্নয়নের পথে সবচেয়ে বড় বাধা বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, নারীর মর্যাদা ও অধিকার রক্ষায় সংবিধান পুরুষের সঙ্গে নারীর সম-অধিকার প্রদান করেছে। তারপরও জীবনের প্রতিটি ক্ষেত্রে পিছিয়েপড়া নারীরা পারিবারিক ও সামাজিকভাবে বঞ্চনা ও নির্যাতনের শিকার হচ্ছেন। আর এ নারী নির্যাতন হচ্ছে আমাদের কাঙ্ক্ষিত জাতীয় উন্নয়নের পথে সবচেয়ে বড় বাধা। তাই প্রথমবার সরকার গঠন করেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বাধা দূর করার জন্য বেশকিছু পদক্ষেপ নিয়েছিলেন। যার মধ্যে অন্যতম পদক্ষেপ ছিল নারী ও শিশু নির্যাতন দমন আইনের আধুনিকায়ন। ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিস্টিটিউটে গতকাল (১৬ জুন রোববার) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের স্পেশাল পাবলিক প্রেসিকিউটরদের বিশেষ প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **সমকাল** (পৃ.৫,ক.৬)**, নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)**, নিউ নেশন (শেষ** পৃ,ক.৫)।।

**৯।	ঢাকায় বস্তির সংখ্যা ৩ হাজার ৩৯৪ : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিচালিত বস্তি শুমারি ও ভাসমান লোক গণনা জরিপ-২০১৪ অনুযায়ী ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে মোট বস্তির সংখ্যা ৩ হাজার ৩৯৪টি। এসব বস্তির মোট জনসংখ্যা হচ্ছে প্রায় ৬ লাখ ৪৬ হাজার। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১৬ জুন রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৬)**, ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)**, বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১০। স্থানীয় সরকার মন্ত্রীর সঙ্গে ডেনমার্ক ও সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ**
**ঢাকা সিটিতে ৩৬ মিনিফায়ার সার্ভিস স্টেশন স্থাপনে আগ্রহী ডেনমার্ক**

ঢাকা উত্তর সিটি করপোরেশনে ৩৬টি মিনিফায়ার সার্ভিস স্টেশন স্থাপনে ও সায়েদাবাদে আরেকটি পানি সরবরাহ ট্রিটমেন্ট প্ল্যান বাস্তবায়নে আগ্রহ প্রকাশ করেছে ডেনমার্ক। গতকাল (১৬ জুন রোববার) সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলামের সঙ্গে ঢাকায় নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত উইনি এস্ট্রাল পিটারসেন এক সৌজন্য সাক্ষাতে এ আগ্রহের কথা জানান। এ সময় মন্ত্রী ডেনমার্কের অব্যাহত সহযোগিতার প্রশংসা করেন এবং ভবিষ্যতে তা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া গতকাল স্থানীয় সরকারমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেনে হোলেনস্টেইন। বাংলাদেশে জনস্বাস্থ্য, নগর উন্নয়ন, পল্লী উন্নয়নে সুইজারল্যান্ডের ভূমিকা উৎসাহজনক বলে জানান মন্ত্রী। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.৭)**, যুগান্তর** (পৃ.১৬,ক.৪)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)**, নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১১। চামড়াশিল্পে ব্রিটিশ বাঙালিদের বিনিয়োগের পরামর্শ শিল্পমন্ত্রীর**

বাংলাদেশের উদীয়মান চামড়া শিল্পখাতে বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তাদের বিনিয়োগের পরামর্শ দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, চামড়া শিল্পের কাঁচামালে বাংলাদেশ যথেষ্ট সমৃদ্ধ। এ খাতে শিল্প স্থাপন করলে কাঁচামাল আমদানির কোনো প্রয়োজন হবে না। তিনি উচ্চপ্রযুক্তির ট্যানারি এবং পাদুকা উৎপাদন শিল্পে বিনিয়োগে এগিয়ে আসতে ব্রিটিশ বাঙালি উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। গতকাল (১৬ জুন রোববার) শিল্প মন্ত্রণালয়ে বাংলাদেশে সফররত ব্রিটিশ উদ্যোক্তা প্রতিনিধিদলের সঙ্গে বৈঠককালে শিল্পমন্ত্রী এ পরামর্শ দেন। সূত্র **: বণিক বার্তা** (পৃ.১২,ক.৬)**, ভোরের কাগজ** (পৃ.৪,ক.৫)**, ইনকিলাব** (পৃ.৩,ক.৬)।

**১২। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে ব্রিটিশ ব্যবসায়ী প্রতিনিধিদলের সাক্ষাৎ :**
**বাংলাদেশে ব্রিটিশ ব্যবসায়ীদের বিনিয়োগের আগ্রহ**

বাংলাদেশে বিভিন্ন খাতে বিনিয়োগ করতে চান বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ ব্যবসায়ীরা। গতকাল (১৬ জুন রোববার) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশির সঙ্গে দেখা করে এ আগ্রহের কথা জানায় বাংলাদেশি বংশোদ্ভূত ব্যবসায়ীদের সংগঠন ইউকেবিসিসিআই। বাণিজ্যমন্ত্রী ব্যবসায়ী প্রতিনিধিদলকে সব ধরনের সহযোগিতার নিশ্চয়তা দেন। সূত্র **: সমকাল** (পৃ.১৩,ক.৫)**, ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)**, নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১৩। পাঁচ বছরে ১ কোটি ২৮ লাখ তরুণ-তরুণীর কর্মসংস্থান সৃষ্টির পরিকল্পনা : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, দেশের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের উন্নয়নে প্রতি উপজেলায় তরুণ-তরুণীদের জন্য একটি করে কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী পাঁচ বছরে ১ কোটি ২৮ লাখ তরুণ-তরুণীর কর্মসংস্থান তৈরির পরিকল্পনা রয়েছে। গতকাল (১৬ জুন রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আয়োজিত স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রকল্পের 'স্কিলস কম্পিটিশন'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী আরো বলেন, কারিগরি শিক্ষার উন্নয়নের জন্য শুধু ভবন তৈরি করে দেয়াটা যথেষ্ট নয়। বরং প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষক ও শিক্ষক নিয়োগ এবং তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)**, সংবাদ** (শেষ পৃ,ক.৬)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)**, ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

**১৪। হাওর ও চর উন্নয়নে জনকল্যাণমূলক যে কোনো প্রকল্প পাস করা হবে : পরিকল্পনামন্ত্রী**

জনকল্যাণমূলক ও ভূমিহীন কৃষকের জন্য হাওর ও চর উন্নয়নে যে কোনো প্রকল্প পাস করা হবে। হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট এ দেশের কৃষক ও জাতির উন্নয়নে অবদান রাখবে বলে আশা করছি। গতকাল (১৬ জুন রোববার) কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশে (কেআইবি) আয়োজিত 'হাওর ও চর উন্নয়ন আপনার জানা আপনার ভাবনা' শীর্ষক সেমিনারে এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। সূত্র **: সমকাল** (পৃ.৭,ক.৬)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**১৫।  মেডিকেল কলেজসমূহে অ্যালোপ্যাথিকের পাশাপাশি আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষাব্যবস্থা চালু করা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, সরকার বর্তমানে অ্যালোপ্যাথিক চিকিৎসার পাশাপাশি আয়ুর্বেদিক ও ভেষজ চিকিৎসায়ও গুরুত্ব প্রদান করছে। বাংলাদেশের মেডিকেল বিশ্ববিদ্যালয়,মেডিকেল কলেজসহ অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রগুলোতে অ্যালোপ্যাথিক চিকিৎসার পাশাপাশি আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষাব্যবস্থাও চালু করা হবে। প্রতিবেশী দেশ ভারত আয়ুর্বেদিক চিকিৎসায় অনেক দূর এগিয়ে গেছে। ভারত আয়ুর্বেদিক চিকিৎসার জন্য আলাদা মন্ত্রণালয়ও প্রতিষ্ঠা করেছে। বিমসটেকভুক্ত অন্যান্য দেশও ভেষজ চিকিৎসায় তাদের দেশে পদক্ষেপ নিচ্ছে। আমাদের দেশেও এ আয়ুর্বেদ চিকিৎসায় উদ্যোগ না নিলে আমরা অন্যান্য দেশের চিকিৎসাসেবার তুলনায় পিছিয়ে যাব। গতকাল (১৬ জুন রোববার) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত ‘বিমসটেক নেটওয়ার্ক অভ ন্যাশনাল সেন্টারস অন কন্ডিশনাল ইন ট্রাডিশনাল মেডিসিন’ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসস কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (পৃ.৮,ক.১)।

**১৬।  প্রত্নতত্ত্ব অধিদফতর রাষ্ট্রের ঐতিহ্যের ধারক ও বাহক : সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, প্রত্নতত্ত্ব অধিদফতর ভারতীয় উপমহাদেশের অন্যতম প্রাচীন একটি অধিদফতর। এটি একটি রাষ্ট্রের ঐতিহ্যের সবচেয়ে বড় ধারক ও বাহক। বর্তমানে দেশে সংরক্ষিত প্রত্নস্থলের সংখ্যা ৫০১টিতে উন্নীত হয়েছে। এর মধ্যে ৪১-৪২টিতে দর্শনীর বিনিময়ে জনসাধারণের প্রবেশাধিকার রয়েছে। আমাদের হাজার বছরের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যকে দেশে-বিদেশে তুলে ধরতে হলে এ অধিদফতরের কর্মকান্ডে আরও গতির সঞ্চার করতে হবে। গতকাল (১৬ জুন রোববার) রাজধানীর আগারগাঁওয়ে প্রত্নতত্ত্ব অধিদফতরের সেমিনাররুমে প্রত্নতত্ত্ব অধিদফতর আয়োজিত ‘বাংলাদেশের প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণ পদ্ধতির বাস্তবতা ও সম্ভাবনা’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** নারায়ণগঞ্জের টানবাজার এলাকায় জেলা প্রশাসনের পক্ষ থেকে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে সব ধরনের দাহ্য পদার্থ সরিয়ে ফেলার জন্য ১০ দিনের সময় বেঁধে দিলেও কেমিক্যাল গোডাউনগুলো সাড়ে তিন মাসেও সরিয়ে ফেলা হয়নি উল্লেখ করে এগুলো দ্রুত অপসারণে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **সমকাল, ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ :** গত পাঁচ মাসে বাংলাদেশ -ভারত সীমান্তে অন্তত ১৫ বাংলাদেশি নাগরিক নিহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সীমান্ত হত্যাকাণ্ড শূন্যে নামাতে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যায়যায়দিন :** বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের তাদের নিজ দেশ মিয়ানমারে নিরাপদ প্রত্যাবাসনে আন্তর্জাতিক বিভিন্ন পর্যায়ে সহযোগিতার জন্য কূটনৈতিক তৎপরতা জোরদার করার সুপারিশ।

**ঘ.** **সংবাদ, ইত্তেফাক :** সন্ত্রাস, জঙ্গি ও মাদক নিয়ন্ত্রণের জন্য রাজধানীর ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের তথ্য সংগ্রহ কার্যক্রম আবারও শুরুর উদ্যোগ নেওয়া হয়েছে উল্লেখ করে এ উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **জনকণ্ঠ :** বর্ষায় রাজধানীর বিভিন্ন স্থানে সৃষ্ট জলাবদ্ধতা প্রতিরোধে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**চ.** **ডেইলি সান :** বর্ষার শুরুতেই চট্টগ্রামে জলাবদ্ধতার কারণে জনদুর্ভোগের কথা উল্লেখ করে জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানবপাচার বন্ধে প্রশাসনকে কঠোর পদক্ষেপ নিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশকে এগিয়ে নিতে চাইলে আমাদের প্রত্যেক নাগরিকের নিজ নিজ জায়গা থেকে দুর্নীতির বিরুদ্ধে শক্ত অবস্থান নিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/ ৯.০০ঘন্টা